



“মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, নিউ ইন্সটন রোড, ঢাকা।
কর্মসংস্থান শাখা-০৪
www.probashi.gov.bd



নং-৪৯.০০.০০০০.০৪৮.১১.০৪৭.১৭.০৪০
বিষয় : নিয়োগ অনুমতি প্রদান।

তারিখ: ১২-১০-২০২১ খ্রি:

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রিক্রুটিং এজেন্সি মেসার্স ওয়েলল্যান্ড ওভারসীজ (আরএল-৭৬১)-এর আবেদনের প্রেক্ষিতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে সৌদি আরবের নিয়োগকর্তা Samaya Group Company Ltd এ Normal Worker (Male) পদে ৫০ (পঞ্চাশ) জন পুরুষ কর্মীর নিয়োগানুমতি প্রদান করা হলো :

কোম্পানীর নাম	পদের নাম	কর্মীর সংখ্যা	বেতন (মাসিক) (SR)	অন্যান্য সুবিধাদি (চাহিদাপত্র, চুক্তিপত্র, খরচের বিবরণী ও অঙ্গীকারনামা অনুসারে)
Samaya Group Company Ltd	Normal Worker (Male)	৫০ (পঞ্চাশ) জন	৮০০	আহার, বাসস্থান, যাতায়াত, ইন্স্যুরেন্স, ইকামা ও চিকিৎসা ফ্রি; বিমান ভাড়া-উভয়পথ ফ্রি; কর্মঘণ্টা- দৈনিক ০৮ ঘণ্টা; সপ্তাহে কর্মদিবস ৬ দিন; চুক্তির মেয়াদ-০২ বছর; চাকুরির অন্যান্য শর্তাবলী সৌদি আরবের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

শর্তাবলী:

- প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সাথে সৌদি আরবে যাবেন অথবা সৌদি আরবের বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।
- কোভিড-১৯ এর বিদ্যমান পরিস্থিতিতে নির্ধারিত সময়সীমা অনুসরণ করে যথাযথ প্রক্রিয়ায় কর্মীদের কোভিড টেস্ট নিশ্চিতকরণ এবং স্বাস্থ্য বিধি সংক্রান্ত আনুষ্ঠানিক নিয়ম কানুন প্রতিপালন করতে হবে।
- প্রত্যেক গ্রুপে বাংলাদেশী কর্মী সৌদি আরবে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, বাংলাদেশ কনসুলেট জেনারেল, জেদ্দা সৌদি আরবে প্রতিবেদন দাখিল করবে।
- বহির্গমন ছাড়পত্রের পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও দক্ষতা সনদসহ অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র (Migration Clearance Card বা Smart Card) প্রদান করবে।
- কর্মী নিয়োগ চুক্তি পত্রের বাংলায় অনুবাদকৃত কপি বিএমইটি কর্তৃক সত্যায়ন করে প্রত্যেক কর্মীকে প্রদান নিশ্চিত করতে হবে।
- কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় ৮৭,৫০০/- (সাতাশি হাজার পাঁচশত) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হবে না, অনুমোদিত কর্মীরা কোম্পানিতে আবশ্যই চাকুরী পাবে এবং প্রত্যেক কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা, আবাসন ও অন্যান্য সুযোগ-সুবিধা দেয়া হবে এবং কোন ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা থওয়ার খরচ ও প্রত্যাবর্তন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- চাকুরির শর্তাবলী সৌদি আরব এর শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- ভিসা ডেলিগেশন সংক্রান্ত হালনাগাদ তথ্য (Enjaz II) যাচাই করতে হবে।
- বিমান ভাড়াসহ অন্য কোন ফি উপযুক্ত না হলে তা কর্মীর উপর প্রযোজ্য হবে না।
- এ নিয়োগ সম্পন্ন করে ১৪ দিনের মধ্যে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- ১ জুলাই ২০১৭ তারিখ হতে ডাটাবেজ কার্যকর হওয়ায় ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক, বিএমইটি নিশ্চিত করবেন।

- (ঢ) কর্মীর ফ্লাইট নিশ্চিত হওয়ার পর সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি কর্তৃক ফ্লাইট সিডিউল ও কর্মীর তালিকা বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব এবং বিএমইটিতে দাখিল করতে হবে।

(গাজী মো: শাহেদ আনোয়ার)
উপসচিব
ফোনঃ ৪১০৩০২৪৬
sasemployment3@probashi.gov.bd

মহাপরিচালক
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২, কাকরাইল, ঢাকা।

নং-৪৯.০০.০০০০.০৪৮.১১.০৪৭.১৭। ০৪০

তারিখ: ১২-১০-২০২১খ্রিঃ।

অনুলিপিঃ (সদয় অবগতি/কার্যার্থে)

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৩। কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
- ০৫। অতিরিক্ত সচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। ব্যবস্থাপনা অংশীদার, মেসার্স ওয়েলল্যান্ড ওভারসীজ (আরএল-৭৬১), এইস-১০০, নিউ এয়ারপোর্ট রোড, (২য় তলা), বনানী,

ঢাকা-১২১৩।

০৮। অফিস কপি।

(গাজী মো: শাহেদ আনোয়ার)
উপসচিব